# PRANTIK WELFARE TRUST

# প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট

# 16th Annual General Meeting

**Venue : Caritas Center, Dhaka**

**Date : 19th September, 2025, Friday**

**Time : 10.00 AM**

| | | | |
|---|---|---|---|
| Trust Initial Fund | Tk.20.50 Lakh | Present Trust Fund | Tk.1.57 Cr. |
| Initial Author & Trustee | 27 | Present Author & Trustee | 243 |
| No. of Beneficiaries | 780 | Total Amount Donated | Tk.1.13 Cr. |

**66/A Kadamtala, Sabujbagh, Dhaka 1214, Bangladesh**

**www.prantikwelfaretrust.org**

**Registration No. IV-6, dated 22-04-2010**

# প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট
# PRANTIK WELFARE TRUST
আর্ত মানবতার সেবায় নিয়োজিত
(Regn. No. IV-6 dated 22.04.2010)


## ১৬তম বার্ষিক সাধারণ সভার (এজিএম) বিজ্ঞপ্তি

প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের সকল সম্মানিত অথর ও ট্রাস্টিদেরকে জানানো যাচ্ছে, ট্রাস্টের ১৬তম বার্ষিক সাধারন সভা (এজিএম) আগামী ১৯ই সেপ্টেম্বর, ২০২৫, শুক্রবার, সকাল ১০.০০ ঘটিকায় **Caritas Center, Malibag, Dhaka -** এ অনুষ্ঠিত হবে । উক্ত সভায় সকল অথর ও ট্রাস্টিদেরকে যথাসময়ে উপস্থিত থেকে সভার কার্যক্রমে সক্রিয় অংশ গ্রহণ করার জন্য সবিনয় অনুরোধ করা হল।

সভার এজেন্ডা নিম্নে দেয়া হল ঃ

১। বিগত ১৩ই ডিসেম্বর, ২০২৪ এ অনুষ্ঠিত ১৫তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর কার্য বিবরণী উপস্থাপন ও অনুমোদন;

২। ২০২৪-২০২৫ সালের কার্যক্রমের উপর সেক্রেটারী জেনারেলের হালনাগাদ প্রতিবেদন উপস্থাপন;

৩। ট্রেজারার কর্তৃক ২০২৪-২০২৫ সালের নিরীক্ষিত আয়-ব্যয় হিসাব ও আর্থিক অবস্থার প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন;

৪। ট্রেজারার কর্তৃক ২০২৫-২০২৬ সালের বাজেট পেশ ও অনুমোদন;

৫। ২০২৫-২০২৬ সালের জন্য অডিটর নিয়োগ;

৬। ইজিএম সংক্রান্ত ট্রাস্ট রুলস এর ৬.০৫ এবং ৬.০৮ নিয়ে আলোচনার প্রস্তাব এবং সিদ্ধান্ত গ্রহন;

৭। ট্রাস্ট ডিড এর ধারা ৬ এবং ১১.২ এর অনুসারে নুতন ট্রাস্টিদের যোগদানের ক্ষেত্রে ৫০,০০০.০০ টাকা থেকে বৃদ্ধি করার প্রস্তাব এবং সিদ্ধান্ত গ্রহন;

৮। চেয়ারম্যান এবং সেক্রেটারী জেনারেল পদের জন্য নূন্যতম যোগ্যতা নির্ধারনের জন্য প্রস্তাব এবং সিদ্ধান্ত গ্রহন ;

৯। প্রান্তিক অফিস ঘর ক্রয় সংক্রান্ত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহন;

১০। ২০২৬-২০২৮ কার্যকাল সময়ের জন্য নির্বাচন কমিশন গঠন;

১১। বিবিধ।

এ্যাডমিনিস্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ-এর পক্ষে-

(দেবাশীষ বড়ুয়া)
সেক্রেটারী জেনারেল
ফোনঃ ০১৭১৩-০০৭০৯১

তারিখঃ ০১/০৯/২০২৫

বিতরণ ঃ ১। সম্মানিত অথর ও ট্রাস্টিগণ ।

২। ট্রাস্টের ওয়েবসাইট নোটিশ বোর্ড ।

বিঃদ্রঃ - সম্মানিত উপস্থিত সদস্য ও পরিবারবর্গ এবং অতিথিবৃন্দের জন্য কারিতাস ডাইনিং হলে সকাল ৯.৩০ টায় চা-চক্র, দুপুর ১.৩০ টায় মধ্যাহ্নভোজন এবং বিকেল ৪.০০ টায় চা-চক্রের আয়োজন করা হয়েছে।

# প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট

৬৬/এ কদমতলা, সবুজবাগ, ঢাকা

## ১৫তম বার্ষিক সাধারণ সভা (এজিএম), ২০২৪

তারিখ : ১৩ই ডিসেম্বর, ২০২৪, শুক্রবার, সকাল ১০.০০ টা

স্থান : কারিতাস সেন্টার, চট্টগ্রাম অঞ্চল

**কার্যবিবরণী**

বোর্ড অব ট্রাস্টিজ এর ২২২ জন অথর ও ট্রাস্টির মধ্যে নিম্নে বর্ণিত

মোট ৩৯ জন সম্মানিত অথর ও ট্রাস্টি উপস্থিত ছিলেন

১। অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া

২। মিঃ দেবাশীষ বড়ুয়া

৩। মিঃ লোকপ্রিয় বড়ুয়া

৪। মিঃ জয়দত্ত বড়ুয়া

৫। মিঃ শিমুল কান্তি বড়ুয়া

৬। ডাঃ দিবাকর বড়ুয়া

৭। মিঃ টিটু বড়ুয়া

৮। মিঃ সত্যজিত বড়ুয়া

৯। মিঃ উদয়ন বড়ুয়া

১০।মিঃ শীলব্রত বড়ুয়া

১১। মিঃ মৃদুল কান্তি বড়ুয়া চৌধুরী

১২। মিঃ দীপক চৌধুরী

১৩। মিঃ সাজু বড়ুয়া, এফ.সি.এ

১৪। মিঃ তপন বড়ুয়া

১৫। মিসেস সুপ্রীতি বড়ুয়া (পর্যবেক্ষক)

১৬। অধ্যাপক ড. অরূপ কুমার বড়ুয়া

১৭।মিসেস সঞ্চিতা বড়ুয়া

১৮। মিঃ সতু বড়ুয়া

১৯। মিঃ দেবব্রত বড়ুয়া

২০। মিঃ সরোজ বড়ুয়া

২১। মিঃ ত্রিদিপ বড়ুয়া

২২। মিসেস সান্তা বড়ুয়া

২৩। মিসেস আলপনা বড়ুয়া

২৪। ডাঃ প্রীতি বড়ুয়া

২৫। মিঃ সুজন কান্তি বড়ুয়া

২৬। মিঃ দুলাল কান্তি বড়ুয়া

২৭। প্রকৌশলী তীর্থংকর বড়ুয়া

২৮। মিসেস প্রহেলিকা বড়ুয়া

২৯। মিঃ কানন বড়ুয়া

৩০। মিঃ অমরেশ বড়ুয়া চৌধুরী

৩১। মিসেস রেখা রানী বড়ুয়া

৩২। মিঃ শচী ভূষন বড়ুয়া

৩৩। মিঃ রিপন প্রসাদ বড়ুয়া

৩৪। মিঃ উজ্জ্বল বড়ুয়া

৩৫। মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফ সি এ

৩৬। প্রকৌশলী মৃনাল কান্তি বড়ুয়া

৩৭। মিঃ রূপায়ন বড়ুয়া

৩৮। মিঃ অসীম বড়ুয়া

৩৯। ডাঃ সুদীপ বড়ুয়া

প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট-এর সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়ার সভাপতিত্বে ১৫তম বার্ষিক সাধারণ সভা (২০২৩-২০২৪ অর্থ বছরের) বিগত ১৩ই ডিসেম্বর ২০২৪, শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় কারিতাস সেন্টার, চট্টগ্রাম অঞ্চল -এ অনুষ্ঠিত হয় । চেয়ারম্যান মহোদয় সভার প্রারম্ভে বলেন প্রবল এই শীতের মধ্যে বন্দর নগরীর চট্টগ্রামস্থ কারিতাস সেন্টারে উপস্থিত হওয়ার জন্য সবাইকে

স্বাগত এবং ধন্যবাদ জানান। তবে এই শীতের সকালে সভার প্রথম দিকে উপস্থিতির সংখ্যা কম থাকায় তিনি এক ঘন্টা পর সভার কাজ আরম্ভ করার জন্য সেক্রেটারী জেনারেলকে অনুরোধ করেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সেক্রেটারী জেনারেল সকাল ১১.০০ টার সময় সভার কাজ আরম্ভ করেন। তিনি উপস্থিত সম্মানিত অথর, ট্রাস্টি এবং অতিথিদেরকে নিজ নিজ ব্যক্তিগত কাজ এবং তীব্র শীত উপেক্ষা করে ট্রাস্টের ১৫তম সভায় উপস্থিত হওয়ার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং শুভেচ্ছা জানিয়ে সভায় অবহিত করেন, অদ্যকার সভায় ২২২ জন সদস্যের মধ্যে ৩৯ জন সম্মানিত অথর/ট্রাস্টি উপস্থিত হয়ে কোরাম পূর্নতা পেয়েছে যেহেতু বর্তমানে ট্রাস্টির সংখ্যা ২২২ জনের মধ্যে প্রায় ১০০ জনের মত সদস্য প্রবাসে স্থায়ী/অস্থায়ীভাবে বসবাসরত বা অবস্থানরত এবং ২৬ জন সদস্য পার্থিব জগত ছেড়ে যাওয়ায়, দেশে বসবাসরত সদস্যদের মধ্যে ৩৯ জন উপস্থিত থাকায় Trust Rules 6-E অনুসারে কোরাম পূর্ন হয়েছে বিধায় বার্ষিক সাধারন সভা শুরু করা যেতে পারে। তিনি কোরামের জন্য সভা দেরী করে আরম্ভ করার জন্য সভায় দুঃখ প্রকাশ করেন। পরবর্তীতে উপস্থিত সম্মানিত সদস্যদের নিজ নিজ স্থান থেকে পরিচয় দেয়ার অনুরোধ করলে সবাই নিজ নিজ জায়গা থেকে পরিচয় প্রদান করেন।

সেক্রেটারী জেনারেল সভায় অবহিত করেন যে কিছু দিন আগে সম্মানিত অথর এবং অডিট কমিটির চেয়ারম্যান মিঃ হীরা লাল বড়ুয়া, এফ সি এ, এফ সি এস (আই ডি # ২), সম্মানিত ট্রাস্টি মিঃ বিমল কান্তি বড়ুয়া (ডালু) (আই ডি # ১০৬) এবং অপর সম্মানিত ট্রাস্টি মিসেস স্নেহ বালা বড়ুয়া (আই ডি # ৭১) পার্থিব জগত থেকে বিদায় নিয়েছেন কিন্ত তাঁদের দান প্রান্তিকজনের আর্থ-সামাজিক উন্নয়নে নিরবিছিন্ন ভাবে ভুমিকা রেখে যাচ্ছে। তিনি আরো অবহিত করেন যে এই পর্যন্ত মোট ২৬ সম্মানিত সদস্য প্রয়াত হয়েছেন সেখানে সম্মানিত সাবেক চেয়ারম্যান মিঃ উদয়ন বড়ুয়া এবং সেক্রেটারী জেনারেলের মাও রয়েছেন। তিনি প্রয়াত সকল সম্মানিত সদস্যদের স্মৃতির প্রতি সম্মান জানানোর জন্য এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালনের আহ্বান জানানোর প্রেক্ষিতে সবাই নিজ নিজ স্থানে দাঁড়িয়ে নিরবতা পালন করে শ্রদ্ধা জানান। আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরুর আগে ট্রাস্টের সম্মানিত ভাইস চেয়ারম্যান মিঃ লোকপ্রিয় বড়ুয়া চট্টগ্রাম বাসীর পক্ষ থেকে স্বাগত বক্তব্য প্রদান করেন এবং উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। সম্মানিত অপর ট্রাস্টি মিসেস সঞ্চিতা বড়ুয়া নবীন-প্রবীণ সম্মানিত ট্রাস্টিগণকে চট্টগ্রামের পক্ষ থেকে ১৫তম বার্ষিক সাধারন সভায় উপস্থিত হওয়ার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। অতপর সেক্রেটারী জেনারেল ১৫তম বার্ষিক সাধারন সভায় আলোচ্য সূচী পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী ১** ঃ বিগত ১৯শে জানুয়ারী, ২০২৪ এ অনুষ্ঠিত ১৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর কার্য বিবরণী উপস্থাপন ও অনুমোদন;

১.১ ঃ সেক্রেটারী জেনারেল ১৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর কার্য বিবরণী উপস্থাপন করেন এবং সম্মানিত সদস্যগন এর প্রেক্ষিতে আলোচনায় অংশগ্রহন করেন।

১.২ ঃ সম্মানিত সাবেক চেয়ারম্যান মিঃ উদয়ন বড়ুয়া বলেন ট্রাস্টের জন্য অফিস ঘর স্থাপনের জন্য ১৪তম বার্ষিক সাধারণ সভায় যে উপ-কমিটি গঠন করা হয়েছিল তা পরিবর্তন করে অফিস ঘর ক্রয় সংক্রান্ত প্রকল্প আকারে নেয়ার জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন। তিনি আশা প্রকাশ করেন যে বর্তমানে ট্রাস্টের সদস্য সংখ্যা ২২২ জন, সবার সহযোগিতায় ট্রাস্টের জন্য একটি অফিস ঘর ক্রয় করা সম্ভব। তিনি আরো বলেন বর্তমানে উপ-কমিটির ৭ সদস্য এবং ইহার কলেবর আরো বৃদ্ধি করে প্রকল্প আকারে পরিবর্তন করে সবার সম্মতিক্রমে একটি কর্মকৌশল তৈরী করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহন করবেন। এই বিষয়ে সবার কায়িক/আর্থিক সহযোগীতা আশা করেন।

১.৩ ঃ সম্মানিত ট্রাস্টি মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফ সি এ বলেন, ট্রাস্টের সম্মনিত সদস্যগণের সহযোগিতায় ট্রাস্টের জন্য অফিস ঘর ক্রয় করা সম্ভব, তিনি সবাই কে স্বেচ্ছায় অংশগ্রহন করার জন্য আহ্বান করেন।

১.৪ ঃ প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট অনেক জনকল্যানমূলক কাজ করে যাচ্ছে ফলে প্রান্তিক পর্যায়ের অনেক সুবিধাবঞ্চিত মানুষ উপকৃত হচ্ছে। মিঃ উদয়ন বড়ুয়া যে প্রস্তাব করেছেন তা সবার সহযোগীতায় বাস্তবায়ন করা সম্ভব বলে মনে করেন সম্মানিত ট্রাস্টি মিঃ মৃদুল বড়ুয়া চৌধুরী। তিনি সকল প্রকার সহযোগীতার আশ্বাস এবং প্রান্তিকের আরো সমৃদ্ধি কামনা করেন।

১.৫ ঃ সম্মানিত সাবেক চেয়ারম্যান মিঃ উদয়ন বড়ুয়া কর্তৃক প্রস্তাবিত অফিস ঘর ক্রয় সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থিত সদস্যদের মধ্যে কোন প্রশ্ন থাকলে তা উপস্থাপনের জন্য বলেন অন্যথায় প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া সভায় সম্মতি জ্ঞাপন করেন। চেয়ারম্যান আরো বলেন আলোচ্য সূচী-১ এ উপস্থাপিত ১৪তম সাধারন সভার কার্য বিবরণীতে কোন প্রশ্ন থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করেন । যদি না থাকে “১৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর কার্য বিবরণী” অনুমোদনের জন্য আহ্বান জানান।

১.৬ ঃ সম্মানিত ট্রাস্টি মিঃ দেবব্রত বড়ুয়া "১৪তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর কার্য বিবরণী" অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং অপর সম্মানিত ট্রাস্টি মিঃ সরোজ কুমার বড়ুয়ার সমর্থনে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

১.৭ ঃ সিদ্ধান্ত - অফিস ঘর ক্রয় সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন করার জন্য অনুমোদন করা হয় । প্রকল্পের কাজের সুবিধার্থে লোকবল বাড়াতে পারবে ।

**<u>আলোচ্য সূচী ২</u>** ঃ ২০২৩-২০২৪ সালের কার্যক্রমের উপর সেক্রেটারী জেনারেলের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন;

২.১ ঃ সেক্রেটারী জেনারেল বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন । উপস্থাপনের পর সম্মানিত চেয়ারম্যান মহোদয় বার্ষিক প্রতিবেদনের উপর আলোচনার আহ্বান জানান।

২.২ ঃ সম্মানিত সাবেক চেয়ারম্যান মিঃ উদয়ন বড়ুয়া বলেন, বার্ষিক প্রতিবেদনে বিগত বছরের কার্যক্রম সুন্দরভাবে আলোকপাত করা হয়েছে। সেজন্য তিনি ট্রাস্টের চেয়ারম্যান, সেক্রেটারী জেনারেলসহ এ্যাডমিনিস্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজের সকল সদস্যদেরকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন ট্রাস্টের লোগো ট্রাস্টের সকল কর্মকান্ডের নির্দেশক। ট্রাস্টের লোগোর পটভূমি ব্যাখ্যা করে বলেন আমাদের উদ্দেশ্য হলো চতুরার্যসত্য ও আর্যঅষ্টাঙ্গিকমার্গ অন্তরে ধারন করে প্রান্তিক বৌদ্ধ জনগনের হিতের ও সুখের জন্য কাজ করা। এখানে কোন প্রতিযোগিতা বা প্রতিদ্বন্ধীতা নেই। ট্রাস্টের সম্মানিত সদস্যগণ বুদ্ধের সেই অমিত বানী ধারন করে একে অপরের প্রতি শ্রদ্ধাশীল হয়ে মৈত্রীভাব পোষণ করে একত্রে হয়ে কাজ করার আহ্বান জানান। প্রান্তিকের জন্য বছরে একটি দিন সকলে একত্রে সমবেত হয়ে নিজেদের মধ্যে মিথস্ক্রিয়ার মাধ্যমে আরো ঘনিষ্ট হয়ে ট্রাস্ট এবং সমাজের কাজকে সমুন্নত রাখা । তিনি ট্রাস্টের বার্ষিক সাধারন সভা সরাসরি (in person) কোন অস্বাভাবিক পরিস্থিতি ব্যতিরেকে আয়োজন করার প্রস্তাব করেন ।

২.৩ ঃ প্রান্তিক আবেগিক ও আদর্শিক অনুভুতিতে বিদ্যমান বলে মন্তব্য করেন সম্মানিত ট্রাস্টি ও অডিট কমিটির চেয়ারম্যান মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফসিএ। প্রান্তিকের আদর্শ ও উদ্দেশ্য হলো প্রান্তিক জনগনের আর্থসামাজিক উন্নয়নে সহায়তা করে কিছুটা বৈষম্যনিরসনে নিরন্তন কাজ করে যাওয়া। তিনি আরো বলেন প্রান্তিকের কার্যক্রমের জবাবদিহিতা কর্পোরেট পদ্ধতি হওয়ায় স্বচ্ছতা বিদ্যমান। ব্যাংক ব্যবস্থাপনা বিষয়ে বলেন, এবি ব্যাংক ও আইএফআইসি ব্যাংক ভাল তবে তাদের এখনো লিকুইডিটির সমস্যা বিদ্যমান। বর্তমানে ইষ্টার্ণ ব্যাংক এবং সিটি ব্যাংক ভালো অবস্থানে আছে।

২.৪ ঃ প্রান্তিক বৌদ্ধ জনগণের কল্যাণমুলক কার্যক্রমের জন্য অথর এবং ট্রাস্টিদের ধন্যবাদ জ্ঞাপন করেন  সম্মানিত ট্রাস্টি প্রকৌশলী অসিম বড়ুয়া। বার্ষিক প্রতিবেদনের কভার পেজে যে ডাটা দেয়া হয়েছে তা সবার জন্য প্রীতিকর। সেখানে দেখা যায় বর্তমানে ট্রাস্ট ফান্ড ২০.৫০ লক্ষ থেকে ১.৪৫ কোটি টাকা উন্নিত হয়েছে এবং ৭১৮ জন প্রান্তিক জনগণকে ১.০৩ কোটি টাকা প্রদান করা হয়েছে। তিনি ট্রাস্টের সাথে যুক্ত থাকতে পেরে নিজেকে ধন্য মনে করছেন।

২.৫ ঃ সম্মানিত ট্রাস্টি ডাঃ দিবাকর বড়ুয়া বলেন, ট্রাস্টের সেক্রেটারী জেনারেল কর্তৃক উপস্থাপিত বার্ষিক প্রতিবেদনে ট্রাস্টের কার্যক্রম ও কর্মসূচির বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার চিত্র সুন্দর ভাবে  তুলে ধরা হয়েছে। তিনি ডায়াগনোস্টিক সেন্টার স্থাপনের বিষয়ে বলেন, ভাল লোকেশন ও আধুনিক মেডিক্যাল সরঞ্জাম ছাড়া এসব প্রতিষ্ঠান স্থাপন অর্থহীন। এই ধরনের স্থাপনার জন্য অনেক মুলধনের প্রয়োজন এবং ঝুঁকিও বিদ্যমান। আশাকরি এই সব বিষয়ে সবাই বিবেচনা করবেন।

২.৬ ঃ ট্রাস্টের কার্যক্রমের জবাবদিহিতা কর্পোরেট পদ্ধতিতে সুন্দরভাবে বিশ্লেষণের জন্য সেক্রেটারী জেনারেলকে ধন্যবাদ জানান সম্মানিত ট্রাস্টি মিঃ দেবব্রত বড়ুয়া।  যথাসময়ে সাধারন সভা আয়োজনের জন্য সাবেক চেয়ারম্যান, বর্তমান চেয়ারম্যান, সেক্রেটারী, ট্রেজারার সহ বোর্ডের অন্যান্য সম্মানিত সদস্যদেরকে ধন্যবাদ জানান। সভায় কম সদস্য উপস্থিত থাকায় দুঃখ প্রকাশ করেন। তিনি সাধারন সভা physically করার পক্ষে মতামত প্রদান করেন যার ফলে ট্রাস্ট পরিবারে আন্তরিকতা ও বন্ধন দৃঢ় হবে।

২.৭ ঃ  চিকিৎসা, শিক্ষা ও বিবাহ খাতে সহযোগিতার পাশাপাশি কারিগরি শিক্ষা খাতে সহযোগিতা প্রসারিত করার আহ্বান করেন সম্মানিত ট্রাস্টি মিঃ অমরেশ বড়ুয়া চৌধুরী। তিনি বলেন ৭১৮ জন প্রান্তিক মানুষকে বিভিন্ন খাতে ১.০৩ কোটি টাকা আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে; এইটা বৌদ্ধ সমাজে একটি উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি প্রান্তিকের এজিএম শারীরিক উপস্থিতির মাধ্যমে করার মতামত প্রদান করেন।

২.৮ঃ  সম্মানিত ট্রাস্টি ডাঃ প্রীতি বড়ুয়া বলেন ঢাকায় অনুষ্ঠিত পেশাগত সেমিনার শেষ করে দ্রুততার সাথে চট্টগ্রামে প্রান্তিকের সাধারন সভায় যোগদানের জন্য উপস্থিত হয়েছেন। এটা সম্ভব হয়েছে প্রাণের টানে এবং সবার সাথে দেখা হওয়ার আকর্ষণে কিন্তু তিনি উপস্থিতির সংখ্যা দেখে হতাশ হয়েছেন । ৩৬৫ দিনের মধ্যে প্রান্তিকের জন্য একটা দিন সবার বরাদ্ধ করা উচিত এবং

উপস্থিত হয়ে নিজেদের মধ্যে ভাব বিনিময় করা যায় ফলে মানবিক উন্নয়ন এবং সৌহার্দতা বৃদ্ধি পায়। তিনি এজিএম সরাসরি করার সমর্থন করেন এবং ঐ দিন প্রান্তিক পারিবারিক দিন হিসাবে পালন করা যেতে পারে। তিনি আরো বলেন জটিল রোগের চিকিৎসা খুবই ব্যয়বহুল তাই এই সব ক্ষেত্রে প্রান্তিক গ্রুপে পোষ্ট দিয়ে অতিরিক্ত সহায়তা আহ্বান করা যেতে পারে। প্রান্তিকের অফিস ঘর ক্রয়ের বিষয়ে তাঁর সমর্থন ব্যক্ত করেন।

২.৯ঃ সম্মানিত ট্রাস্টি মিঃ সাধন চন্দ্র বড়ুয়া বলেন বছর ভিত্তিক ট্রাস্টি বৃদ্ধির বিষয়ে মতবিনিময় কার্যক্রম গ্রহন করার আহ্বান জানান। তিনি সরাসরি এজিএম করার পক্ষে মতামত দেন ।

২.১০ঃ সম্মানিত ট্রাস্টি মিঃ সুজন কান্তি বড়ুয়া আলোচনায় অংশগ্রহন করে বলেন ট্রাস্টের তহবিল কোন শক্তিশালী ব্যাংকে রাখার আহ্বান জানান।

২.১১ ঃ সম্মানিত ট্রাস্টি প্রকৌশলী অধ্যাপক মৃনাল কান্তি বড়ুয়া বলেন মানুষ তাঁর কর্মের মাধ্যমে অমরত্ব লাভ করে। প্রান্তিকের সাথে যুক্ত হতে পেরে নিজেকে অনেক পূন্যবান মনে করছি। ট্রাস্টের অফিস ঘরের জন্য অনেক অর্থের প্রয়োজন, অর্থ সংগ্রহের জন্য তিনি সবাইকে নিয়ে উম্মুক্ত আলোচনার আহ্বান জানান তা হলে তা বাস্তবায়নে সহজ হবে। তিনি আরো বলেন, তৃনমুল পর্যায়ে প্রান্তিককে পরিচিতি করার প্রয়োজন এবং ট্রাস্টি বৃদ্ধির জন্য চট্টগ্রামে উপ-কমিটি করে তাঁদের উপর দায়িত্ব দেয়ার আহ্বান জানান। তিনিও সরাসরি এজিএম করার পক্ষে মতামত দেন ।

২.১২ ঃ বার্ষিক প্রতিবেদনের উপর আলোচনায় অংশগ্রহন করার জন্য সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন সেক্রেটারী জেনারেল এবং বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন;

২.১২ক ঃ ট্রাস্ট শুরু থেকে কারিগরি বিভিন্ন প্রশিক্ষনের উপর অগ্রাধিকার প্রদান করা হয় সে মোতাবেক বিভিন্ন মাধ্যমে প্রচার চালনা হয় এবং প্রান্তিক পর্যায়ে পৌঁছার জন্য দেশের প্রায় ৬০০ বৌদ্ধ বিহারে প্রান্তিক আপডেটের দুইটি সংখ্যা বিহার পরিচালনা কমিটি বরাবর আবেদন সহকারে পাঠানো হয় কিন্তু কোন একটি বিহার থেকে এই সংক্রান্ত কোন তথ্য বা আগ্রহী প্রার্থী পাওয়া যায় নাই। তবে কারিগরি বিভিন্ন প্রশিক্ষনের উপর সহায়তা এখনো চলমান এবং এই খাতে প্রতি বছর প্রয়োজনীয় বাজেট অনুমোদিত থাকে। আপনাদের মধ্যে সেরকম কোন প্রার্থী থাকলে ট্রাস্ট বরাবর আবেদন করার জন্য অনুরোধ করেন।

২.১২খ ঃ জটিল এবং ব্যয়বহুল রোগে যেমন ক্যান্সার, কিডনি আক্রান্ত ব্যক্তিদেরকে ২০/৩০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয় এবং অনেক রোগীকে ৩/৪ বার সহযোগীতা প্রদান করা হয়েছে। এই ধরনের রোগীকে বেশী সহায়তা দেওয়ার জন্য প্রান্তিক গ্রুপে পোষ্ট দেয়ার বিষয়ে ডাঃ প্রীতি বড়ুয়া কে পরামর্শের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.১২গ ঃ ট্রাস্টির সংখ্যা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচী হাতে নেয়া হয়েছিল যেমন; শুরুতে চট্টগ্রাম সিনিয়র সিটিজেন ক্লাবে আর্থিক ভাবে স্বচ্ছল গণ্য-মান্য ব্যক্তিদেরকে নিয়ে মতবিনিময় সভা করা হয়েছিল, উক্ত সভায় প্রায় ৪০/৫০ জন সম্মানিত অতিথি তাঁদের বক্তব্যে ট্রাস্টি হিসাবে যোগদানের প্রতিশ্রুতি প্রদান করেছিলেন কিন্তু বাস্তবে তা হয় নাই, মাত্র কয়েকজন তাঁদের প্রতিশ্রুতি রক্ষা করেছেন। পরবর্তিতে চট্টগ্রাম শহরে বাংলা অনুবাদ সহ সূত্র পাঠের দুইবার আয়োজন করা হয়েছিল, উক্ত আয়োজন সর্বসাধারনের জন্য উম্মুক্ত ছিল এবং সেই ভাবে আমন্ত্রন পত্রও বিলি করা হয় কিন্তু দুঃখের বিষয় যে উক্ত অনুষ্ঠানগুলিতে শুধুমাত্র অংশগ্রহনকারীদের কয়েকজন আত্মীয়স্বজন উপস্থিত ছিলেন। সাধারন মানুষের উপস্থিতির সংখ্যা খুবই নগন্য ছিল। ঢাকায় এই ধরনের অনুষ্ঠান আয়োজনের চেষ্টা করা হয়েছিল কিন্তু একজন প্রতিযোগীও পাওয়া যায় নাই। উপস্থিতির সংখ্যা অনাগ্রহ দেখে এই ধরনের কর্মসূচী পরবর্তিতে হাতে নেয়া হয় নাই। অঞ্চল ভাগ করে বাড্ডা, কালাচাঁদপুর এবং উত্তরায় মত বিনিময় সভা আযোজন করা হয়েছিল। কিন্তু উপস্থিতির সংখ্যা খুবই হতাশাজনক। চট্টগ্রামের এই ধরনের অনুষ্ঠান আয়োজন করা হয়েছিল কিন্ত উপস্থিতির সংখ্যা ঢাকার অনুরূপ। এই ধরনের অনুষ্ঠান আয়োজন করতে বেশ কিছু অর্থ ব্যয় হয় যদিও ট্রাস্ট ফান্ড থেকে এই ব্যয় করা হয় নাই। এই ব্যয় সম্মানিত সদস্যদের ব্যক্তিগত অনুদান থেকে সম্পন্ন করা হয়েছে। একটি বিষয় বোধগম্য যে বন্ধের দিনে অনেক সংঘদান অনুষ্ঠিত হয় ফলে সংঘদান বাদ দিয়ে এই ধরনের সামাজিক কাজে অংশগ্রহন করতে আগ্রহী হন না। এমনকি সংঘদানের কারণে ঢাকা এবং চট্টগ্রামে বার্ষিক সাধারন সভায় উপস্থিতির সংখ্যা আশানুরূপ হয় না। এই বিষয়গুলি বিবেচনা করে প্রান্তিকের ধারণাকারী এবং সম্মানিত অথর মিঃ বিমল কান্তি বড়ুয়া একটি প্রস্তাব সেক্রেটারী জেনারেলের মাধ্যমে বোর্ড মিটিং-এ উত্থাপিত করা হয়। প্রস্তাবটি হচ্ছে ঢাকা ও চট্টগ্রামে দুইটি সংঘদান অনুষ্ঠানের আয়োজন করা। প্রতিটি সংঘদানে ১০০০ জন করে আমন্ত্রিত অতিথিরা থাকবেন। অনেক মানুষের সমাগম এবং

ট্রাস্টের কার্য প্রচারিত হবে বিধায় প্রস্তাবটি বোর্ড সভায় অনুমোদন করা হয়। কিন্তু কিছু সম্মানিত ট্রাস্টি দ্বিমত পোষণ করলে সংঘদান অনুষ্ঠান আপতত স্থগিত করা হয়।

২.১৩ ঃ সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া বলেন বার্ষিক প্রতিবেদনে যে সব প্রশ্ন উত্থাপিত হয়েছে তা সেক্রেটারী জেনারেল সুন্দর ভাবে উত্তর দেয়ার চেষ্টা করেছেন। একটি বিষয়ে লক্ষ্যনীয় যে বার্ষিক সাধারন সভা সরাসরি (in person) করার পক্ষে অনেকে মতামত দেন, তিনি আবারো এই বিষয়ের উপর মতামত চাওয়া হলে সবাই সরাসরি (in person) বার্ষিক সাধারন সভা করার পক্ষে মতামত দেন।

২.১৪ ঃ বার্ষিক প্রতিবেদনের উপর অলোচনার পর তা অনুমোদনের জন্য প্রস্তাব করেন সম্মানিত ট্রাস্টি মিঃ দেবব্রত বড়ুয়া এবং মিঃ জয়দত্ত বড়ুয়ার সমর্থনে সভার সর্ব্বসম্মতিক্রমে বার্ষিক প্রতিবেদন অনুমোদন করা হয়।

২.১৫ সিদ্ধান্ত ঃ কোন অস্বাভাবিক পরিস্থিতি ব্যতিরেকে ট্রাস্টের বার্ষিক সাধারন সভা সরাসরি (in person) আয়োজন করার প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।

**আলোচ্য সূচী ৩ ঃ** ট্রেজারার কর্তৃক ২০২৩-২০২৪ সালের নিরীক্ষিত আয়-ব্যয় হিসাব ও আর্থিক অবস্থার প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন;

৩.১ ঃ সম্মানিত ট্রেজারার মিঃ শিমুল কান্তি বড়ুয়া ২০২৩-২০২৪ সালের নিরীক্ষিত আয়-ব্যয় হিসাব ও আর্থিক অবস্থার প্রতিবেদন উপস্থাপন করেন।

৩.২ ঃ অডিট কমিটির চেয়ারম্যান মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফসিএ বলেন হিসাব রক্ষণা-বেক্ষণ বুক অনুসারে যথাযথভাবে করা হয়েছে সেই জন্য ট্রেজারার মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন আয়কর নিবন্ধন ছাড়া যে কোন ট্রাস্টের উৎসে কর্তনের হার ৩০% করা হয়েছে যা প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের উপরও প্রযোজ্য হতে পারে। তা বিষয়ের উপর চিন্তা-ভাবনা করার অনুরোধ করেন।

৩.৩ ঃ সম্মানিত ট্রাস্টি মিঃ শীলব্রত বড়ুয়া সুন্দরভাবে হিসাব উপস্থাপনের জন্য ট্রেজারার মহোদয়কে ধন্যবাদ জানান এবং তা অনুমোদনের জন্য প্রস্তাব করেন । সম্মানিত ট্রাস্টি মিঃ সত্যজিৎ বড়ুয়ার সমর্থনে সর্ব্বসম্মতিক্রমে ২০২৩-২০২৪ সালের নিরীক্ষিত আয়-ব্যয় হিসাব ও আর্থিক অবস্থার প্রতিবেদন অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ৪ ঃ** ট্রেজারার কর্তৃক ২০২৩-২০২৪ সালের বাজেট পেশ ও অনুমোদন;

**৪.১ ঃ** ট্রেজারার মহোদয় কর্তৃক ২০২৩-২০২৪ সালের বাজেট পেশ ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

৪.২ ঃ সম্মানিত সদস্যদের কোন প্রকার আপত্তি না থাকায় সর্ব্বসম্মতিক্রমে ২০২৪-২০২৫ সালের বাজেট অনুমোদিত হয়

**আলোচ্য সূচী ৫ ঃ** ২০২৪-২০২৫ কার্যকালের সময়ের জন্য নির্বাচিত এ্যাডমিনিস্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ-এর পরিচিতি।

৫.১ ঃ নির্বাচন কমিশনের সম্মানিত কমিশনার অধ্যাপক ড. অরূপ কুমার বড়ুয়া বোর্ড অব ট্রাস্টকে নির্বাচন সংক্রান্ত প্রয়েজনীয় লজিস্টিক সহায়তা দেয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বোর্ড অব ট্রাস্টের জরুরী সভার কার্যবিরনী বার্ষিক প্রতিবেদন থেকে বাদ দেয়ার জন্য অনুরোধ করেন। পরবর্তিতে তিনি নব নির্বাচিত সদস্যদেরকে একে একে পরিচয় করিয়ে দেন।

(নির্বাচনী ফলাফল এতদসঙ্গে সংযুক্ত করা হলো)।

৫.২ ঃ সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সেক্রেটারী জেনারেল নির্বাচন সংক্রান্ত "জরুরী সভার কার্যবিরনী" বার্ষিক প্রতিবেদন থেকে বাদ দেয়ার ঘোষণা দেন এবং শুধুমাত্র সিদ্ধান্তটা গ্রহন করা হবে।

**আলোচ্য সূচী ৬ ঃ** ২০২৪-২০২৫ সালের জন্য অডিটর নিয়োগ;

৬.১ ঃ উপস্থিত মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফসিএ সম্মতিক্রমে এবং সম্মানিত সদস্যবৃন্দের অনুমোদনক্রমে ২০২৪-২০২৫ সলের জন্য অডিট কমিটি পুনর্গঠন করা  হয়।

১। মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফসিএ - আই ডি # ৮০

২। মিঃ রনজিত বড়ুয়া - আই ডি # ৮২

৩। মিঃ প্রনব কুমার বড়ুয়া  - আই ডি # ৩৪

**আলোচ্য সূচী ৭ ঃ বিবিধ**

৭.১ ঃ বিবিধ আলোচনায় অংশ গ্রহন করে সম্মানিত সহ-সভাপতি মিঃ লোকপ্রিয় বড়ুয়া বলেন ডায়াগনেস্টিক সেন্টার একটি ব্যয় বহুল প্রকল্প। এই ধরনের প্রকল্প বাস্তবায়ন করা প্রচুর  অর্থের প্রয়োজন যেটা এই মুহূর্তে ট্রাস্টের সক্ষমতার বাহিরে। সুতরাং ইহা নিস্পত্তি করা যেতে পারে।

৭.২ ঃ সেক্রেটারী জেনারেল সভায় অবহিত করেন যে এই সংক্রান্ত অধ্যাপক ডাঃ প্রভাত চন্দ্র

বড়ুয়ার নেতৃত্বে গঠিত উপ-কমিটি থেকে কোন প্রতিবেদন পাওয়া যায় নাই । প্রতিবেদন পাওয়া সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে।

৭.৩ ঃ ২০২৩-২০২৪ অর্থবছরে ২ জন ট্রাস্টি এবং ২০২৪-২০২৫ অর্থবছরে ২ জন ট্রাস্টি যোগদান করেন যাঁদের নাম প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সভায় আরো ঘোষণা করা হয় যে চেয়ারম্যান মহোদয়ের দুই ছেলে ট্রাস্টে যোগদান করবেন। আজকের সভায় একজন ছেলে ডাঃ সুদীপ বড়ুয়া উপস্থিত আছেন, তাঁকে ট্রাস্টি হিসাবে পরিচয় করিয়ে দেন সেক্রেটারী জেনারেল। কৃত্তিক বড়ুয়া (লিভাই) ট্রাস্টি হিসাবে যোগদান করবেন বলে ঘোষনা দেন তাঁর দাদু দেবাশীষ বড়ুয়া ।

সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর সমাপনি বক্তব্যে বলেন, আজকের সভা সবার উপস্থিতে সুন্দর এবং আন্তরিক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে । আলোচনায় অংশগ্রহন করে অনেকে মূল্যবান পরামর্শ দিয়েছেন যা প্রনিধানযোগ্য। সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আগামীতে ট্রাস্ট আরো গতিশীল এবং কার্যকর করার জন্য সবার সহযোগীতা আশা করেন। তিনি সবাইকে মধ্যহ্নভোজনে অংশগ্রহন করার জন্য অনুরোধ করেন।

## প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের কার্যক্রম ঃ
## সেক্রেটারী জেনারেলের ২০২৪-২০২৫ অর্থ বছরের
## বার্ষিক প্রতিবেদন এবং হালনাগাদ অবস্থা

উপস্থিত সম্মানিত অথর, ট্রাস্টি এবং সুধীবৃন্দ আপনাদের প্রতি এডমিনিস্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টের পক্ষ থেকে শুভেচ্ছা ও নমস্কার জানাচ্ছি । বিগত অর্থ বছরে ২০ জন এবং এই অর্থ বছরে ৪ জন ট্রাস্টি হিসাবে যোগদান করেছেন তাঁদেরকে ট্রাস্টের ১৬তম বার্ষিক সাধারন সভায় স্বাগত এবং বৈষম্য নিরসনের লক্ষ্যে মানুষের পাশে দাঁড়ানোর জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি। ট্রাস্টিদের কলেবর বৃদ্ধির জন্য যে সকল ট্রাস্টি সহযোগিতা করেছেন তাঁদের প্রতিও কৃতজ্ঞতা জানাচ্ছি। যাঁরা অতিথি হিসাবে উপস্থিত হয়ে ট্রাস্টকে সম্মানিত করেছেন তাঁদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানাচ্ছি । প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট দীর্ঘ ১৬ বছর আগে অর্থাৎ ২০১০ সালে যাত্রা শুরু করে দেশের প্রান্তিক জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সীমিত সম্পদ নিয়ে কাজ করে যাচ্ছে কিন্তু আমাদের কমিউনিটির একটি বিশাল সংখ্যক মানুষ দ্ররিদ্র সীমার নীচে এখনও বসবাস করছে যাদের উপযুক্ত শিক্ষা ও স্বাস্থ্য সেবা না থাকায় মূল স্রোত থেকে আরো পিছিয়ে যাচ্ছে। তাঁদের অবস্থান পরিবর্তনের জন্য আমাদের সমাজে অনেক সৌভাগ্যবান ব্যক্তি আছেন তাঁদেরকে এগিয়ে এসে প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের কর্মসূচীকে আরো জোরালোভাবে সামনের দিকে নিয়ে যেতে পারে । ট্রাস্টের বিগত ১৫তম সভা চট্টগ্রামে অনুষ্ঠিত হয় এবং অদ্য ১৬তম সাধারন সভা অনুষ্ঠিত হওয়ার জন্য ঢাকা কারিতাস সেন্টারে আমরা সমবেত হয়েছি।

প্রতি বছরের ন্যায় আমরা সচেষ্ট থেকেছি যাতে যথা সময়ে এজিএম করে আপনাদেরকে ট্রাস্টের বর্তমান অবস্থা এবং কার্যকলাপের উপর তথ্য-উপাত্তের সমাহারে একটি স্বচ্ছ ধারনা অবগত করে এবং নিরীক্ষিত আয়-ব্যয় হিসাব পেশ করে জবাবদিহিতামূলক হিসাব উপস্থাপন করা। অডিট অফিসারদের জুন-উত্তর ব্যস্ততা থাকা সত্বেও অডিট কমিটির সম্মানিত চেয়ারম্যান মিঃ সিদ্ধার্থ বড়ুয়া, এফসিএ এবং অপর সদস্যগণ মিঃ রঞ্জিত বড়ুয়া (আইডি নম্বর - ৮২) ও মিঃ প্রনব কুমার বড়ুয়া (আইডি নম্বর - ৩৪) নিরীক্ষা কাজ দ্রুত সম্পন্ন করায় ট্রাস্টের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

সেক্রেটারী জেনারেল এবং ট্রেজারার দীর্ঘ ১৬ বছর অর্থাৎ ট্রাস্ট প্রতিষ্ঠালগ্ন থেকে দায়িত্ব পালন করে আসছে তাই সম্মানিত সদস্যদের আন্তরিকতার জায়গা যেন প্রশ্নবোধক না হয় সেজন্য বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত আয়-ব্যয় হিসাব যথাসময়ে উপস্থাপন করা আমাদের জন্য একটা বড় দায়ভার হয়ে দাঁড়ায়। প্রতিবেদনের স্বচ্ছতা এবং ট্রাস্টের কর্ম প্রবাহ সমাজের বিভিন্ন স্তরের মানুষকে আকর্ষন

করবে এবং উৎসাহিত হয়ে ট্রাস্টে যোগদান করবেন বলে আমরা আশা রাখি। বিগত ২০১০ সালে যে ট্রেনে উঠে ট্রাস্ট যাত্রা শুরু করেছিল তা এখন এক্সপ্রেস ট্রেনে পরিনত হয়েছে, এই ট্রেন যেন লাইনচ্যুত না হয় সে দিকে আমাদের বিশেষ নজর দিতে হবে এবং ট্রাস্টের সুবিধাভোগীরা যেন কোন ভাবেই তাঁদের প্রাপ্যতা থেকে বঞ্চিত না হয় । ভুলত্রুটি হচ্ছে কাজের একটি অংশ, সম্মানিত সদস্য ও অতিথি বৃন্দের জীবন ও জীবিকার সঞ্চিত অভিজ্ঞতার আলোকে সুপরামর্শ প্রদান করে ট্রাস্ট পরিচালনার ক্ষেত্রে সহায়ক হবে এবং ভুলত্রুটিগুলো শোধরানোর মাধ্যমে উন্নয়নের রাস্তা সুদীর্ঘ ও সুদৃঢ় হবে বলে আমরা মনে করি।

নুতন যোগদানকারী সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, ২০১০ সালে ঢাকা রেজিষ্ট্রার অফিসে "রেজিস্ট্রেশন নম্বর IV-6 dated 20-04-2010" এর দলিল মুলে ১৪ জন অথর ও ১৩ জন ট্রাস্টির মোট ২০,৫০,০০০.০০ টাকা দিয়ে প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট নিবন্ধিত হয়। নিবন্ধিত হওয়ার পর থেকে যাত্রা শুরু করে এই ১৬ বছরে ট্রাস্টের মধ্যে আরো ২১৬ জন ট্রাস্টি যোগদান করায় বর্তমানে অথর ও ট্রাস্টির সংখ্যা ২৪৩ জন এবং ট্রাস্টের মোট তহবিল ১,৫৩,৫০,০০০.০০- টাকা যা এবি ব্যাংক, আইএফআইসি ব্যাংক এবং ট্রাস্ট ব্যাংকে এফডিআর হিসাবে সংরক্ষিত আছে। এবি ব্যাংক পিএলসি এর চলতি হিসাবে জমা আছে ২,৮০,১৮৪.০০ টাকা, আইএফআইসি ব্যাংক পিএলসি এর চলতি হিসাবে ২৩,৮২৮.০০ টাকা জমা আছে এবং ট্রাস্ট ব্যাংক পিএলসি এর চলতি হিসাবে ১৯,৯৮৬.০০ টাকা জমা আছে । নগদে ৩৬৫.০০ টাকা গচ্ছিত আছে। প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের জন্য অফিস ঘর ক্রয়ের নিমিত্তে অধুনা গঠিত "প্রান্তিক আবাস সংস্থান প্রকল্প" এর জন্য সম্মানিত অথর/ট্রাস্টি বৃন্দের সহায়তা থেকে প্রাপ্ত আয় ইষ্টার্ণ ব্যাংক পিএলসিতে ৯,৫০,০০০.০০ টাকার এফডিআর হিসাবে সঞ্চিত আছে এবং উক্ত ব্যাংকে চলতি হিসাবে ৩,০৪,১৯৮.০০ টাকা জমা আছে।

ট্রাস্টের ১১টি Aims & Objects এর মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে এবং ট্রাস্টের আয়ের সাথে সঙ্গতি রেখে প্রান্তিক মানুষদের সহযোগিতা করার চেষ্টা করে যাচ্ছে। ট্রাস্ট গঠনের পর থেকে এই পর্যন্ত **৭৮০ জনকে মোট ১,১৩,০৯,৬৯২.০০ টাকা** অসুস্থ রোগীর চিকিৎসা, কন্যাদায় গ্রস্থ পিতা-মাতার কন্যার বিবাহ, প্রশিক্ষন/শিক্ষা, প্রাকৃতিক/মনুষ্য সৃষ্ট দুর্যোগ খাতে এবং কভিড-১৯ অভিঘাতে ক্ষতিগ্রস্তদের সহযোগিতা প্রদান করা হয়েছে । এই ১৬ বছরে ট্রাস্ট প্রায় ১.১৩ কোটি টাকা প্রান্তিকজন কে সহায়তা দিয়েছে, এই অর্জন সবার সহযোগিতায় সম্ভব হয়েছে। এমনকি যে সব সম্মানিত ট্রাস্টি মৃত্যুবরণ করেছেন তাঁরাও অপার্থিব জগত থেকে উক্ত সহায়তায় অংশগ্রহন করেছেন এবং এখনও করে যাচ্ছেন। এই অর্জনের জন্য সম্মানিত ট্রাস্টিদের প্রতি কৃতজ্ঞতা এবং যাঁরা পরলোক গমন করেছেন তাঁদের নির্বাণ সুখ

প্রার্থনা করছি। এই অর্থ বছরে, বিবাহ খাতে সহায়তা দেয়া হয়েছে টাকা ১,৩৬,০০০.০০ (বাজেটের ১৩৬%), চিকিৎসা খাতে টাকা ৯,২৭,০০০.০০ (বাজেটের ৯২.৭%), শিক্ষা খাতে ২৫,০০০.০০ টাকা (বাজেটের ৭.৫৭%) এবং দুর্যোগ খাতে ৫৪,০০০.০০ (বাজেটের ৩৬.০%) । শিক্ষা খাতে বাজেটের মাত্র ৭.৫৭% ব্যবহৃত হয়েছে। কারিগরী প্রশিক্ষন খাতে প্রান্তিক পর্যায়ের ছেলে-মেয়েদেরকে বিভিন্ন মেয়াদের কোর্সে ভর্তি করানোর জন্য আগ্রহী প্রার্থীর খুবই অভাব। আপনাদের পরিচিত জন আগ্রহী প্রার্থী থাকলে ট্রাস্ট সচিবালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে সব খাতে মোট বাজেট ছিল ১৬,৮০,০০০.০০ টাকা এবং ব্যয় হয়েছে ১১,৪২,০০০.০০ টাকা অর্থাৎ বাজেটের ৬৭.৯৮%

সম্মানিত ট্রাস্টি, বিভিন্ন বৌদ্ধ বিহারের বিহারাধ্যক্ষ এবং সমাজের সুধীজন কর্তৃক সুপারিশকৃত প্রত্যেকটা আবেদন যাচাই-বাচাই করে আয়ের সাথে সংগতি রেখে অর্থ সহযোগিতা করা হচ্ছে। এখনও পর্যন্ত কোন যোগ্য আবেদনকারী কে ফিরিয়ে দেয়া হয় নাই বলে ট্রাস্ট নিজেকে সুবিধাভোগীদের কাছে দায়বদ্ধ করে ফেলেছে । ট্রাস্টের এই ধারা আশাকরি ভবিষ্যতে অব্যাহত থাকবে । ব্যাংক আমানতের বিপরীতে প্রাপ্ত আয় যৌক্তিক পর্যায়ে থাকায় জটিল রোগের চিকিৎসা ক্ষেত্রে বা অন্যান্য খাতে আর্থিক অনুদান কিছুটা বৃদ্ধি করা হলেও আবেদনকারীর সংখ্যা দিনে দিনে বৃদ্ধির কারণে অনুদান ততটা বৃদ্ধি করা যাচ্ছে না ফলে আবেদনকারীর ব্যয়বহুল চিকিৎসাখাতে তাঁদের ব্যয়ের সাপেক্ষে খুবই অপ্রতুল । ক্যান্সার বা কিডনি রোগের অনেক আবেদনকারীকে একের অধিকবার (৩/৪ বার) সহযোগিতা প্রদান করা হয়েছে বা হচ্ছে।

বিগত ২২-০৪-২০১০ ইং তারিখে ১৪ জন অথর ও ১৩ জন ট্রাস্টি নিয়ে ট্রাস্ট নিবন্ধিত হওয়ার পর নিম্নে উল্লেখিত সম্মানিত নুতন ট্রাস্টি যোগদান করেন। বিগত ২০২৪-২০২৫ অর্থ বছরে ২০ জন এবং চলতি অর্থ বছরে ৪ জন সম্মানিত ট্রাস্টি যোগদান করায় বর্তমান অথর ও ট্রাস্টির সংখ্যা ২৪৩ জন । ট্রাস্টির সংখ্যা মোট বিগত ১৫ বছরে বৃদ্ধি হয়েছে প্রায় ৮০০% এবং গড় বৃদ্ধি ৫৩.৫৩%। বিগত ২০২৩-২৪ অর্থ বছরে গড় বৃদ্ধি ছিল ৪৭.৯০% অর্থাৎ বিগত অর্থ বছর তুলনায় ২০২৪-২৫ অর্থ বছরে ৫.৬৩% ধনাত্মক অভিগমন হয়। এই ধনাত্মক অভিগমনে যাঁরা সহযোগীতা করেছেন তাঁদের সবার কাছে ট্রাস্ট কৃতজ্ঞ থাকবে । আশাকরি এই ধারাবাহিকতা অক্ষুন্ন থাকবে।

২০১০-২০১১ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ০৮ জন

২০১১-২০১২ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৩৪ জন

২০১২-২০১৩ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৩৩ জন

২০১৩-২০১৪ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ১৯ জন

২০১৪-২০১৫ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ১০ জন

২০১৫-২০১৬ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ১৭ জন

২০১৬-২০১৭ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ১৭ জন

২০১৭-২০১৮ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ২০ জন

২০১৮-২০১৯ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৮ জন

২০১৯-২০২০ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৯ জন

২০২০-২০২১ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৫ জন

২০২১-২০২২ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৬ জন

২০২২-২০২৩ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৪ জন

২০২৩-২০২৪ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ২ জন

২০২৪-২০২৫ অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ২০ জন

২০২৫-২০২৬ (চলতি) অর্থ বছরে ট্রাস্টি যোগদান করেছেন ঃ ৪ জন

ট্রাস্ট গঠনের পরবর্তী সময়ে যে সব সম্মানিত ব্যক্তিগণ প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্টের চিন্তা-চেতনাকে অনুধাবন করে ট্রাস্টকে আরো কার্যকরি করে তোলার প্রয়াসে এবং প্রান্তিক মানুষদের আর্থসামাজিক উন্নয়নে উন্নয়ন-সহযোগী হিসাবে কাজ করার জন্য ট্রাস্টি হিসাবে যোগদান করায় বোর্ড অব ট্রাস্টিজ এর পক্ষ থেকে তাঁদের শুভেচ্ছা ও স্বাগতম জানাচিছ । যে সব সম্মানিত ট্রাস্টি ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ (চলতি) অর্থবছরে ট্রাস্টে যোগদান করেছেন তাঁদের পরিচিতি নিম্নে দেয়া হল।

২০২৪-২০২৫ অর্থবছরে যাঁরা যোগদান করেছেন ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ID # 220 | Trustee # 206 | Mr. Sepal Kumar Barua<br>Father :Mr. Bani Kanta Barua<br>Mother :Mrs. Bishaka Rani Barua<br>Spouse :Mrs. Happy Barua | Village : Rudrapur<br>PS :Hathazari<br>District : Chattogram |  |

| | | | | |
|---|---|---|---|---|
| ID # 221 | Trustee # 207 | Mr. Sumit Barua<br>Father : Late Anil Barua<br>Mother : Mrs. Jyoti Kana Barua<br>Spouse : Mrs. Poulamee Barua | Village : Pingala<br>PS : Patiya<br>Chattogram |  |
| ID # 222 | Trustee # 208 | Prof. Dr. Jitendra Lal Barua<br>Father :Late Kalidhan Barua<br>Mother :Late Rajkumari Barua<br>Spouse :Mrs. Bijoy Laxmi Barua | **Village :Ratna Palong**<br>**PS :Ukhiya**<br>**District : Coxsbazar** |  |
| ID # 223 | Trustee # 209 | Dr. Sudip Barua<br>**Father :**Prof. Dr. Kanak Kanti Barua<br>**Mother :**Prof. Dr. Shiuly Chowdhury<br>**Spouse :**N/A | **Village :**Haitkandi<br>**PS :**Mirsarai<br>**District :** Chattogram |  |
| ID # 224 | Trustee # 210 | Mr. Soumik Barua<br>**Father :**Prof. Dr. Kanak Kanti Barua<br>**Mother :**Prof. Dr. Shiuly Chowdhury<br>**Spouse :**N/A | **Village :**Haitkandi<br>**PS :**Mirsarai<br>**District :** Chattogram |  |
| ID # 225 | Trustee # 211 | Krittik Barua<br>**Father :**Engr. Himadree Barua<br>**Mother :**Ms. Nishi Barua<br>**Spouse :**N/A | **Village :**Bathua<br>**PS :**Patiya<br>**District :** Chattogram |  |
| ID # 226 | Trustee # 212 | Mr. Prazzal Kumar Talukdar<br>**Father :**Late Uzzal Kumar Talukdar<br>**Mother :**Mrs. Rina Rani Talukdar<br>**Spouse :**Mrs. Mukti Mutsuddi | **Village :**West Aburkhill<br>**PS :**Raozan<br>**District :** Chattogram |  |

| | | | | |
|---|---|---|---|---|
| ID # 227 | Trustee # 213 | Engr. Kanak Barua<br>**Father :**Mr. Mukul Kanti Barua<br>**Mother :**Mrs. Nilu Barua<br>**Spouse :**N/A | **Village :**Charbarama<br>**PS :**Chandanish<br>**District :** Chattogram |  |
| ID # 228 | Trustee # 214 | Mrs. Alpana Prava Barua<br>**Father :**Late Hriday Ranjan Barua<br>**Mother :**Late Amio Prava Barua<br>**Spouse :**Mr. Amiron Barua | **Village :**Pan Para, 288 Alikadam<br>**PS :**Alikadam<br>**District :** Bandarban |  |
| ID # 229 | Trustee # 215 | Prof. Dr. Dipankar Srijnan Barua<br>**Father :**Late Barad Kumar Barua<br>**Mother :**Late Suvadra Barua<br>**Spouse :**Mrs. Shushanti Barua | **Village :**Manikpur<br>**PS :**Chakaria<br>**District :** Cox's Bazar |  |
| ID # 230 | Trustee # 216 | Mr. Uttam Barua<br>**Father :**Mr. Promothesh Barua<br>**Mother :**Mrs. Swapna Barua<br>**Spouse :**Mrs. Rupali Barua | **Village :**Satbaria Beparipara<br>**PS :**Chandanish<br>**District :** Chattogram |  |
| ID # 231 | Trustee # 217 | Mrs. Archana Prava Barua<br>**Father :**Late Hriday Ranjan Barua<br>**Mother :**Late Amiya Prava Barua<br>**Spouse :**Mr. Aurdhendu Barua | **Village :**Mozaherpara<br>**PS :**Cox's Bazar Sadar<br>**District :** Cox's Bazar |  |
| ID # 232 | Trustee # 218 | Mrs. Sova Rani Barua<br>**Father :**Mr. Niranjan Barua<br>**Mother :**Mrs. Santi Bala Barua<br>**Spouse :**Mr. Dilip Kumar Barua | **Village :**Aburkhil<br>**PS :**Ward # 2, Raozan<br>**District :** Chattogram |  |

| | | | | |
|---|---|---|---|---|
| ID # 233 | Trustee # 219 | Mr. Bidrohee Barua<br>**Father :**Mr. Bimol Barua<br>**Mother :**Mrs. Ava Rani Barua<br>**Spouse :**Mrs. Minakshi Barua | **Village :**Middle Joara<br>**PS :**Chandanish<br>**District :** Chattogram |  |
| ID # 234 | Trustee # 220 | Mr. Shakti Brata Barua<br>**Father :**Shaheed Bhabesh Chandra Barua<br>**Mother :**Late Priti Rani Barua<br>**Spouse :**Mrs. Priti Kana Barua | **Village :**Sadhaknagar<br>**PS :**Fatickchari<br>**District :** Chattogram |  |
| ID # 235 | Trustee # 221 | Engr. Rana Barua<br>**Father :**Late Asiti Ranjan Barua<br>**Mother :**Late Chatala Rani Barua<br>**Spouse :**Mrs. Joysree Barua | **Village :**West Andhar Manik<br>**PS :**Raozan<br>**District :** Chattogram |  |
| ID # 236 | Trustee # 222 | Mr. Mitun Barua<br>**Father :**Late Ratan Kumar Barua<br>**Mother :**Mrs. Monjusree Barua<br>**Spouse :**Mrs. Chandrika Mutsuddi | **Village :**Ratnapalong<br>**PS :**Ukhia<br>**District :** Cox's Bazar |  |
| ID # 237 | Trustee # 223 | Mr. Kunal Kanti Barua<br>**Father :**Late Biman Behari Barua<br>**Mother :**Late Patu Rani Barua<br>**Spouse :**Mrs. Navy Barua | **Village :**East Guzara (Hoarapara)<br>**PS :**Raozan<br>**District :** Chattogram |  |
| ID # 238 | Trustee # 224 | Engr. Anupam Barua<br>**Father :**Late Kumar Kasyap Barua<br>**Mother :**Mrs. Joya Barua<br>**Spouse :**Mrs. Lipi Barua | **Village :**Aburkhil (Nandankanon)<br>**PS :**Raozan<br>**District :** Chattogram |  |

| | | | | |
|---|---|---|---|---|
| ID # 239 | Trustee # 225 | Engr. Sajib Barua, PhD Student at Univ. of Michigan, USA. Ex. Lecturer,University of Dhaka<br>**Father :**Mr. Nandan Kumar Barua<br>**Mother :**Mrs. Pratima Rani Barua<br>**Spouse :**N/A | **Village :**Hashimpur<br>**PS :**Chandanish<br>**District :** Chattogram |  |

<u>২০২৫-২০২৬ (চলতি) অর্থবছরে যাঁরা যোগদান করেছেন ঃ</u>

| | | | | |
|---|---|---|---|---|
| ID # 240 | Trustee # 226 | Mr. Natu Barua Palash<br>**Father :**Late Upendra Lal Barua<br>**Mother :**Late Uasha Rani Braua<br>**Spouse :**Mrs. Sunanda Barua | **Village :**West Gohira<br>**PS :**Raozan<br>**District :** Chattogram |  |
| ID # 241 | Trustee # 227 | Mrs. Shitu Barua<br>**Father :**Mr. Fani Bhosan Barua<br>**Mother :**Mrs. Namita Barua<br>**Spouse :**Mr. Rupayan Kumar Barua | **Village :**Kharandwip<br>**PS :**Boalkhali<br>**District :** Chattogram |  |
| ID # 242 | Trustee # 228 | Dr. Jagannath Barua, Associate Prof.<br>**Father :**Mr. Subal Chandra Barua<br>**Mother :**Mrs. Hejatara Barua<br>**Spouse :**Mrs. Runa Barua | **Village :**Binamara<br>**PS :**Chakaria<br>**District :** Cox's Bazar |  |
| ID # 243 | Trustee # 229 | Mr. Rubel Barua, SPO, Sonali Bank PLC<br>**Father :**Mr. Sangha Mitra Barua<br>**Mother :**Late Shila Debi Barua<br>**Spouse :**Mrs. Bipasha Barua Chowdhury | **Village :**Bathua<br>**PS :**Patiya<br>**District :** Chattogram |  |

ট্রাস্ট ডিড অনুসারে আর্থিক ব্যবস্থাপনা করার জন্য, এ্যাডমিনিস্ট্রেটিভ বোর্ড অব ট্রাস্টিজ এর ০৮/০৫/২০১০ ইং তারিখের ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক আরব-বাংলাদেশ ব্যাংক পিএলসি এর প্রধান শাখায় সঞ্চয়ী হিসাবে (হিসাব নং ঃ ৪০০৫-৭৭০৯১৯-৪৩০, হিসাবের নাম ঃ প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট)

ট্রাস্টের হিসাব পরিচালনা করা হয়। এই ব্যাংকে এম,আই,ডি,এস হিসাবে ৫ বছর মেয়াদে ১১.৫০% হার সুদে ৭৬.০০ লক্ষ টাকা, বোর্ড অব ট্রাস্টিজ-এর ০৫/০৩/২০২২ ইং তারিখের ২৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক আইএফআইসি ব্যাংক পিএলসি তে এফ,ডি,আর হিসাবে ১১% হার সুদে ৬৯.০০ লক্ষ টাকা গচ্ছিত আছে এবং ১২তম সাধারন সভার সিদ্ধান্ত মোতাবেক ট্রাস্ট ব্যাংক পিএলসি-তে ট্রাস্টের নামে হিসাব খুলে ৮,৫০,০০০.০০ টাকার ৯.৫% হার সুদে এফডিআর হিসাবে গচ্ছিত আছে । প্রান্তিক আবাস সংস্থান প্রকল্পের অনুরোধ ক্রমে "প্রান্তিক ওয়েলফেয়ার ট্রাস্ট" নামে ডেডিকেটেড হিসাব খুলে সেখানে ৯,৫০,০০০.০০ টাকা ৯.৫% হার সুদে এফডিআর হিসাবে রাখা হয়।

২০১০-২০২৪ সাল পর্যন্ত খাত ওয়ারী সহযোগিতা প্রাপ্তদের সংখ্যা ও অংকের পরিমান নিম্নের ছকে দেয়া হল ঃ

| অর্থ বর্ষ | বিবাহ খাতে সহযোগিতা | | চিকিৎসা খাতে সহযোগিতা | | প্রশিক্ষন/শিক্ষা খাতে সহযোগিতা | | দুর্যোগ খাতে/ কভিড-১৯ ক্ষতিগ্রস্থদের সহযোগিতা- | | সংস্কৃতি ও কমিউনিটি উন্নয়ন প্রোগ্রাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | |
| ২০২৫-২৬ | ০ | ০.০০ | ২১ | ৩,২৫,০০০.০০ | ২ | ২০,০০০.০০ | ১ | ১৫,০০০.০০ | |
| ২০২৪-২৫ | ১৪ | ১,৩৬,০০০.০ | ৪৬ | ৯,২৭,০০০.০০ | ২ | ২৫,০০০.০০ | ১৯ | ৫৪,০০০.০০ | |
| ২০২৩-২৪ | ৮ | ৮০,০০০.০০ | ৩৮ | ৭,১৯,০০০.০০ | ৪ | ৮৪,০০০.০০ | | | |
| **২০২২-২৩** | **৮** | **৬৩,০০০.০০** | **৪৪** | **৮,৬০,০০০.০০** | **৭** | **১,০০,০০০.০০** | | | |
| ২০২১-২২ | ৫ | ৩৭,০০০.০০ | ৩২ | ৬,১৫,০০০.০০ | ৫ | ৭৬,৫০০.০০ | ১ | ৫০০০.০০ | |
| ২০২০-২১ | ৩ | ১৮,০০০.০০ | ২৬ | ৪,৩২,৫০০.০০ | | | ৬৯ | ৩,১০,০০০.০০ | |
| ২০১৯-২০ | ৭ | ৪২,০০০.০০ | ২০ | ৩,১৮,০০০.০০ | ৮ | ১,২০,২৯০.০০ | | | |
| ২০১৮-১৯ | ৯ | ৫১,০০০.০০ | ২৫ | ৫,৮৯,৩০০.০০ | ৭ | ১,২৪,০০০.০০ | | | |
| ২০১৭-১৮ | ১৩ | ৭৮,০০০.০০ | ২১ | ৪,৩৫,০০০.০০ | ৩ | ৪৭,৮৩০.০০ | ১ | ১,০০,০০০.০০ | |
| ২০১৬-১৭ | ১৭ | ১০২,০০০.০০ | ৩৬ | ৭,০৭,০০০.০০ | ২ | ৩৪,০০০.০০ | ১ | ১০,০০০.০০ | - |
| ২০১৫-১৬ | ১৮ | ১,১৮,০০০.০০ | ১৭ | ২,৪০,০০০.০০ | | - | ৪ | ৩৮,০০০.০০ | ৯৮,৩৫৪.০০ |
| ২০১৪-১৫ | ২৩ | ১,৫৭,০০০.০০ | ৩২ | ৪,০২,০০০.০০ | ২ | ২৬,৫০০.০০ | | - | - |
| ২০১৩-১৪ | ২২ | ১,৫০,০০০.০০ | ৩২ | ৩,৭৫,০০০.০০ | ৯ | ৮৫,০২০.০০ | ৫ | ২৫,০০০.০০ | ১,১৮,৬০৬.০ |
| ২০১২-১৩ | ২২ | ২,১২,০০০.০০ | ১৪ | ১,২৯,০০০.০০ | ৬ | ৮৩,৭০৫.০০ | রামু | ৭,৫৫,৭৩৫.০০ | - |
| ২০১১-১২ | ১৮ | ১,৬০,০০০.০০ | ১৫ | ১,৮৫,০০০.০০ | ৩ | ১৮,২৪৮.০০ | | - | ১,০৬,১৯২.০০ |
| ২০১০-১১ | ৪ | ৪৫,০০০.০০ | ৩ | ৭৫,০০০.০০ | ৬ | ৪৫,৯১২.০০ | | - | |
| খাতওয়ারী অনুদান | ১৯১ | ১৪,৪৯,০০০.০ | ৪২২ | ৭০,০৮,৮০০.০ | ৬৬ | ৮,৭১,০০৫.০০ | ১০১ | ১২,৯৭,৭৩৫.০ | ৩,২৩.১৫২.০ |

অর্থবর্ষ হিসাবে মোট সহযোগিতার পরিমান ঃ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | ২০১৬-১৭ |
| ১,৬৫,৯১২.০০ | ৪,৬৯,৪৪০.০০ | ১১,৮০,৪৪০.০০ | ৭,৫৩,৬২৬.০ | ৫,৮৫,৫০০.০ | ৪,৯৪,৩৫৪.০ | ৮,৫৩,০০০.০০ |
| **২০১৭-১৮** | ২০১৮-১৯ | **২০১৯-২০** | ২০২০-২১ | ২০২১-২২ | **২০২২-২৩** | **২০২৩-২৪** |
| ৬,৬০,৮৩০.০ | ৭,৬৪,৩০০.০০ | ৪,৮০,২৯০.০০ | ৭,৬০,৫০০.০ | ৭,৩৩,৫০০.০ | ১০,২৩,০০০.০ | ৮,৮৩,০০০.০০ |
| **২০২৪-২৫** | **২০২৫-২০২৬ (C)** | | | | | |
| ১১,৪২,০০০.০০ | ৩,৬০,০০০.০০ | | | | | |
| | | | | | মোট সহযোগিতা | ১,১৩,০৯,৬৯২.০০ |

বিগত ১৫ অর্থ-বছরের তুলনামুলক বিবরনী প্রদান করা হল ঃ

| | 2024-25 | 2023-24 | 2022-23 | 2021-22 | 2020-21 | 2019-20 | 2018-19 |
|---|---|---|---|---|---|---|---|
| Investment | 1.535 Cr. | 1.41 Cr. | 1.38 Cr. | 1.30 Cr. | 1.30 Cr. | 1.25 Cr. | 1.10 Cr. |
| Income ( incl. Tax) | 16.47 Lakh | 14.21 Lakh | 13.74 Lakh | 11.61 Lakh | 12.06 Lakh | 7.74 Lakh | 8.48 Lakh |
| Donation Received | 0.32 Lakh | 1.33 Lakh | 2.97 Lakh | 0.23 Lakh | 3.81 Lakh | 0.60 Lakh | 3.38 Lakh |
| Donation given(-) | 11.42 Lakh | 8.83 Lakh | 10.23 Lakh | 7.34 Lakh | 7.60 Lakh | 4.80 Lakh | 7.64 Lakh |
| IT, VAT & ED(-) | 2.90 Lakh | 2.02 Lakh | 1,59 Lakh | 1.36 Lakh | 1.36 Lakh | 1.07 Lakh | 1.16 Lakh |

| | 2017-18 | 2016-17 | 2015-16 | 2014-15 | 2013-14 | 2012-13 | 2011-12 | 2010-11 |
|---|---|---|---|---|---|---|---|---|
| Investment | 1.00 Cr | 0.90 Cr. | 0.5 Cr. | 0.76 Cr. | 0.71 Cr. | 0.61 Cr. | 0.33 Cr. | 0.24 Cr. |
| Icome (incl. Tax) | 5.43 Lakh | 6.71 Lakh | 5.04 Lakh | 5.90 Lakh | 7.59 Lakh | 5.59 Lakh | 3.71 Lakh | 1.67 Lakh |
| Donationa Received | 2.35 Lakh | 2.59 Lakh | 1.45 Lakh | 1.75 Lakh | 2.16 Lakh | 11.19 Lakh | 1.91 Lakh | 2.01 Lakh |
| Donation given | 6.60 Lakh | 8.53 Lakh | 3.97 Lakh | 5.85 Lakh | 6.35 Lakh | 4.24 Lakh | 3.63 Lakh | 4.69 Lakh |
| IT, VAT & ED (-) | 0.90 Lakh | 0.86 Lakh | 0.46 Lakh | 0.62 Lakh | 0.79 Lakh | 0.60 Lakh | 0.42 Lakh | 0.22 Lakh |

ট্রাস্টের প্রধান কার্যক্রম গ্রাফিকেল ভিউ দিয়ে উপস্থাপন করা হল ঃ








Number of Beneficiaries
13
36
42
68
57
39
56
38
41
